

## বাঁধার কারণে মডেল উচ্চ বিদ্যালয় বাস্তবায়ন হচ্ছে না

■ মতলব দক্ষিণ (চাঁদপুর) সংবাদদাতা

সরকার যে সকল উপজেলায় সরকারি উচ্চ বিদ্যালয় নেই সে সব উপজেলায় একটি মডেল উচ্চ বিদ্যালয় করার যে প্রকল্প নিয়েছিলো মতলব দক্ষিণ উপজেলায় মতলবগঞ্জ জেবি পাইলট উচ্চ বিদ্যালয় তা বাস্তবায়ন করতে পারছে না পার্শ্ববর্তী স্কুলের বাঁধার কারণে। ফলে সরকার যে উদ্দেশ্য নিয়ে এ প্রকল্প চালু করতে চেয়েছিল তা ভেঙে যেতে বসেছে।

বিগত তত্ত্বাবধায়ক সরকার মতলবগঞ্জ জেবি পাইলট উচ্চ বিদ্যালয়কে এ প্রকল্পের আওতাভুক্ত করে আধুনিক সুবিধাসহ প্রায় ১ কোটি ২৩ লাখ টাকা ব্যয়ে একটি তিনতলা ভবন নির্মাণের কাজ শুরু করে। বর্তমান সরকারের গত মেয়াদে অর্থাৎ ২০১০-১১ সালে প্রকল্পের পিড়ির সঙ্গে স্কুলে প্রধান শিক্ষকের চুক্তি হয়। যার মাধমে ছিল সহশিক্ষা কার্যক্রম চালু। কিন্তু গত ১৯ জুন এ সুরম্য ভবন স্কুল কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করলেও পার্শ্ববর্তী মতলবগঞ্জ

পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের আপত্তির কারণে এর কার্যক্রম চালু হচ্ছে না।

মতলবগঞ্জ জেবি পাইলট উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো. মাহবুবুর রহমান বলেন, মডেল স্কুল প্রকল্পে সহশিক্ষা কার্যক্রম চালু প্রধান শর্ত। এ ব্যাপারে আমরা মতলব পৌরসভার বিভিন্ন স্কুলে অনাপত্তি পত্র পেলেও পার্শ্ববর্তী মতলবগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের আপত্তির কারণে তা বাস্তবায়ন করতে পারছি না।

এদিকে মতলবগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুহাম্মদ কবির হোসেন বলেন, আমি অনাপত্তি দিতে পারি না। ম্যানেজিং কমিটিসহ সকলের সিদ্ধান্তে আমি তা দেইনি। তাছাড়া আমি মনে করি, হাই স্কুল হাই স্কুলের অবস্থানে থাকুক আর গার্লস স্কুল তার ঐতিহ্য নিয়ে তার অবস্থানে থাকুক। পাশাপাশি দুটি স্কুলে ছাত্রী ভর্তি হতে পারে না।